

**রংপুর রোকেয়া বিশ্ববিদ্যালয়ে  
 ভর্তি পরীক্ষার প্রশ্ন ফাঁস  
 শ্রেফতার ৫**

শিয়াকৃত আলী বাদশা, রংপুর  
 রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে  
 অনার্স প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার  
 প্রশ্নপত্র ফাঁস হয়েছে। মোবাইল ফোনে  
 এসএমএসের মাধ্যমে উত্তরপত্র সংগ্রহ  
 করে পরীক্ষা দেয়ার অভিযোগে ৫  
 শিক্ষার্থীকে শ্রেফতার করেছে পুলিশ।  
 এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত  
 রেজিস্ট্রার মইনুল ইসলাম আহমদ  
 বাদী হয়ে কোতোয়ালি থানায়  
 শ্রেফতার ৫ শিক্ষার্থীসহ ৯ জনের নাম  
 উল্লেখ করে গতকাল তথ্য ও প্রযুক্তি  
 আইনে মামলা দায়ের করেছে।  
 এদিকে শিক্ষার্থীদের অভিযোগ প্রশ্নপত্র  
 ফাঁস . ভর্তি : পৃষ্ঠা : ২ ক : ২

**ভর্তি : পরীক্ষা**  
 (১৬ পৃষ্ঠার পর)

হওয়ার পরেও পরীক্ষা বাতিল না করে চলাকালি যোগ্যতার পায়তারা করছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এতে করে প্রকৃত মেধাবীরা ভর্তি এবং মেধা প্রমাণের সুযোগ থেকে বঞ্চিত হওয়ার আশঙ্কা রয়েছে। তারা এই ভর্তি পরীক্ষা বাতিল করে নতুন করে পরীক্ষা দেয়ার দাবি জানিয়েছে।

পুলিশ ও বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, তরুণের সামাজিক বিজ্ঞান অনুষদ বিভাগের বি ইউনিট এবং প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের 'ই' ইউনিটের অনার্স ১ম বর্ষের ভর্তি পরীক্ষা চলাকালে বিশ্ববিদ্যালয় পরীক্ষা কেন্দ্রসহ কয়েকটি পরীক্ষা কেন্দ্রে উত্তরপত্র মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমে সংগ্রহ করে পরীক্ষা দেয়ার সময় ৫ পরীক্ষার্থীকে হাতেমতে ধরে ফেলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। পরে তাদের মোবাইল ফোন পরীক্ষা করে উত্তরপত্র পাওয়ার পর তাদের পুলিশে সোপর্ন করা হয়। শ্রেফতারকৃতরা হলেন- রিফাত হোসেন সিদ্দিক, কবীর আমিন, রাফহান বেগম, ইমতিয়াজ আলী ও তারিকুল ইসলাম। পরে তাদের মোবাইল ফোন পরীক্ষা করে অন্য যেনও পরীক্ষার্থীকে উত্তরপত্র সরবরাহ করা হয়েছে তাদের নাম সংগ্রহ করে মোট ৯ জন শিক্ষার্থীর নাম উল্লেখ করে ৩ আরও পড়াধিক অজ্ঞাত আনামির নৃকেশর্ভর্বা ও প্রযুক্তি আইনে মামলা দায়ের করা হয়েছে।

এদিকে বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, বি ইউনিটের মৌলিক শিক্ষার্থীর সংখ্যা ছিল ১৬ হাজার ৩৬ জন এবং ই ইউনিটে পরীক্ষার্থীর সংখ্যা ৭ হাজার ৪৮ জন। ২০ হাজার পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করে। বিশ্ববিদ্যালয় ছাড়াও নগরীর বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষায় মোবাইল ফোন ব্যবহার নিষিদ্ধ করার ঘোষণা দেয়া সত্ত্বেও কিছু করে রংপুর কন্স্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, আরসিনিআই স্কুল অ্যান্ড কলেজ ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কেন্দ্রে পরীক্ষা চলাকালিন কি করে প্রশ্নপত্র খাটতে গেল এবং মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমে উত্তরপত্র আসল তা নিয়ে প্রশ্ন তুলেছেন সাধারণ শিক্ষার্থীরা। তারা এ দুটি বিভাগের পরীক্ষা বাতিল করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি দাবি জানিয়েছেন। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মইনুল ইসলাম আহমদের সঙ্গে যোগাযোগ করা হলে সাংবাদিকদের এ ঘটনায় মামলা দায়ের করা হয়েছে বলে জানানো হয় আর কোন মন্তব্য করতে রাজি হননি তিনি।